

এসএসসি পরীক্ষা

কুমিল্লা বোর্ডের

গণিত

প্রশ্নে ভুল

নিজের সংবাদদাতা, কুমিল্লা, ২০ ফেব্রুয়ারি। কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে শুক্রবার অনুষ্ঠিত এসএসসির গণিত পরীক্ষায় প্রশ্নপত্রের পৃথক দুটি স্থানে ভুল থাকায় বিপাকে পড়ে শিক্ষার্থীরা। তবে বোর্ড সূত্র ওই প্রশ্নপত্রে ভুলের বিষয়টি স্বীকার করে বলছে, 'ভুল প্রশ্নে উত্তর করলেও পরীক্ষার্থীরা নম্বর পাবে'।

শুক্রবার কুমিল্লা নগরীর হাই স্কুল কেন্দ্রে পরীক্ষা দিতে গিয়ে গণিত প্রশ্নপত্রের জ্যামিতি ও পরিসংখ্যান অংশে দুটি ভুল পরীক্ষার্থীদের কাছে ধরা পড়ে। এতে পরীক্ষার্থীরা তাৎক্ষণিকভাবে পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনকারী শিক্ষক ও পরিদর্শকগণকে বিষয়টি অবহিত করলেও তারা এর কোন সূত্রাহ করতে পারেননি। পরে বাধ্য হয়ে অধিকাংশ শিক্ষার্থী নিজেদের মতো করে ওই দুটি প্রশ্নের উত্তর দেয় এবং বিভ্রান্তির মধ্যে থেকেই তারা পরীক্ষা কেন্দ্র থেকে বের হয়ে আসে।

কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কায়সার আহমেদ সাংবাদিকদের জানান, আমরা এখনও গণিত বিষয়ের বিশেষজ্ঞদের নিয়ে বসিনি। তবে